

সকলের জন্য খাদ্য - আমাদের সংকল্প



মাননীয় মুখ্যমন্ত্রী

মমতা বন্দ্যোপাধ্যায়-এর

উদ্যোগে

সারা রাজ্যে চালু হতে চলেছে

খাদ্য সাথী

- রাজ্যের ৭ কোটি ৪৯ লক্ষ মানুষ জাতীয় খাদ্য সুরক্ষা আইন ও রাজ্য খাদ্য সুরক্ষা যোজনার মাধ্যমে খাদ্য সুরক্ষার আওতায় আসছেন। এর ফলে রাজ্যের ৭ কোটির অধিক মানুষ ২ টাকা কিলো দরে চাল ও গম পাবেন।
- মাননীয় মুখ্যমন্ত্রীর বিশেষ উদ্যোগে রাজ্যের ৩৬ লক্ষ জঙ্গলমহলবাসী, পুরুলিয়া জেলায় খরা-কবলিত ১২ লক্ষ অধিবাসী, রাজ্যের সমস্ত আদিম উপজাতি সম্প্রদায়ের মানুষ, চা বাগানের ১১.২৪ লক্ষ শ্রমিক ও অশ্রমিক পরিবার, আয়লা-বিধবস্ত ৩.১১ লক্ষ মানুষ, সিঙ্গুরের ৩৫৬৯ জন জমিহারা কৃষক, কলকাতায় ১৭০০ গৃহহীন পথবাসী এবং দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলের সকল অধিবাসী ২ টাকা কেজি দরে চাল ও গম পাবেন। বর্তমানে তাঁদের প্রাপ্য খাদ্য শস্যের পরিমাণও সুরক্ষিত থাকবে।
- উপরোক্ত গণবন্টন ব্যবস্থার জন্য রাজ্য সরকার বছরে ৪২৮২ কোটি টাকা ব্যয় করবে।
- এই গণবন্টনের জন্য বছরে ৫০ লক্ষ মেট্রিক টন খাদ্য শস্যের প্রয়োজনের মধ্যে চালের পরিমাণ ৩০ লক্ষ মেট্রিক টন। রাজ্যে উৎপাদিত ধান চাষীদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্য কুইন্টাল প্রতি ১৪১০ টাকা দরে সংগ্রহ করে চালের যোগান দেওয়া হবে।
- গণবন্টন ব্যবস্থার চাহিদা অনুযায়ী সংগৃহীত চাল মজুত রাখার ব্যবস্থাও করা হয়েছে। বিগত চার বছরে ৭০০ কোটি টাকা ব্যয়ে মজুত ভান্ডারের ধারণ-ক্ষমতা ৫ লক্ষ মেট্রিক টনেরও বেশি বাড়ানো হয়েছে। আরও ১ লক্ষ ৪০ হাজার মেট্রিক টন ধারণ-ক্ষমতা বাড়ানোর কাজ চলছে।

জন-অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণের জন্য প্রতিদিন সকাল ৮টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত চালু থাকা কল সেন্টারের ১৯৬৭ অথবা ১৮০০ ৬৪৫ ৫৫০৫ (টোল-ফ্রি) নম্বর ডায়াল করুন।



খাদ্য ও সরবরাহ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

